

প্রকাশ : ১৭ মার্চ, ২০১৭ ১৬:৩২

অনলাইন  
ভার্সন

Share

প্রিন্ট করুন 

কড়াইল বস্তিতে অগ্নিকাণ্ড

# প্রকৃত ক্ষতিগ্রস্তদের শনাক্ত করে পুনর্বাসন করা হবে

| অনলাইন ডেস্ক



ফাইল ছবি

কড়াইল বস্তির অগ্নিকাণ্ডে প্রকৃত ক্ষতিগ্রস্তদের শনাক্ত করে পুনর্বাসন করা হবে বলে জানিয়েছেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক।

শুক্রবার দুপুরে বস্তিসংলগ্ন পল্লীবন্ধু এরশাদ  
বিদ্যালয়ের মাঠে তিনি এ কথা জানান।

মেয়র আনিসুল হক আরও বলেন, ক্ষতির পরিমাণ সম্পর্কে অনেকে অনেক কথাই বলছেন। কিন্তু ফায়ার সার্ভিস আরেক কথা বলছে। সিটি কর্পোরেশনসহ সাত-আটটি এনজিও গণনার কাজ শুরু করেছে। প্রকৃতপক্ষে কয়টা দোকান বা বাড়ি পুড়েছে তা বের করার কাজ চলছে। প্রকৃত ক্ষতিগ্রস্তদের শনাক্ত করে তাদের পুনর্বাসন করা হবে।

গতকাল বুধবার দিবাগত রাত ৩টায় আগুনে বস্তির প্রায় সাড়ে চারশ ঘর পুড়ে যায়। প্রায় দেড়শ একর জায়গার ওপর গড়ে ওঠা কড়াইল বস্তিতে বাস করেন কয়েক হাজার মানুষ। রাত ৩টার দিকে সেখানে হঠাৎ আগুন লাগে। মুহূর্তেই তা আশপাশে ছড়িয়ে পড়ে। ফায়ার সার্ভিসের ২০টি ইউনিট পাঁচ ঘণ্টার চেপ্টায় আগুন নিভিয়ে ফেলে। ততক্ষণে গৃহহীন হয়েছেন সহস্রাধিক মানুষ। এর আগেও এ বস্তিতে দুবার অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছিল।

বিডি প্রতিদিন/১৭ মার্চ, ২০১৭/ফারজানা